17 JUL 2016
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

দৈনিক
ইত্তেফাক

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আদর্শ কলেজ কেন্দ্র বাতিলের দাবিতে মানববন্ধন

■ স্টাফ রিপোর্টার, দিনাজপুর প্রতিনিধি

শিক্ষার্থীদের আন্দোলন, পরীক্ষা না দিয়ে এক বছর নষ্ট ও প্রশাসনের সিদ্ধান্ততে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএ/ বিএসএস পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে। এতে করে বিপাকে পড়েছেন ওই বিশ্ববিদ্যালয়ের 'কয়েক'শ' পরীক্ষার্থী। গত ২০১৫ সালের বিএ/বিএসএস পরীক্ষার আগে হঠাৎ করে দিনাজপুর কেবিএম কলেজের কেন্দ্র বাতিল করে আদর্শ কলেজে কেন্দ্র করা হয়। এর আগে আদর্শ কলেজে কেন্দ্র করায় কেন্দ্রটির বিরুদ্ধে শিক্ষার্থীদের সাথে অশোভন আচরণের অভিযোগ ছিল। পুনরায় এই কলেজকে কেন্দ্র করায় বিএ/ বিএসএস-এর ৪শ' শিক্ষার্থী পরীক্ষা না দিয়ে শান্তিপূর্ণভাবে দিনাজপুর উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-আঞ্চলিক কেন্দ্রের সামনে মানববন্ধন পালন করে। এ সময় জেলা প্রশাসকের নির্দেশে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য প্রযুক্তি) সেখানে এসে আগামীতে কেবিএম কলেজে কেন্দ্র করার আশ্বাস প্রদান করে। আশ্বাস মোতাবেক চলতি বছরের ২৭ এপ্রিল উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের চিঠি আসে কেবিএম কলেজে কেন্দ্র করার। কিন্তু এই সিদ্ধান্তকে উপেক্ষা করে দিনাজপুর উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-আঞ্চলিক পরিচালক মোকছেদার রহমান নিজ ক্ষমতাবলে কেবিএম কলেজের কেন্দ্র বাতিল করে পুনরায় আদর্শ কলেজে পরীক্ষা কেন্দ্র ঘোষণা দেন। দিনাজপুর উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-আঞ্চলিক কেন্দ্রের পরিচালক মোকছেদার রহমান জানান, স্থানীয় প্রশাসন যে আশ্বাস প্রদান করেছিল সে মোতাবেক আমরা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় প্রশাসনে বিষয়টি লিখিতভাবে জানিয়েছি এবং কেবিএম কলেজে কেন্দ্র করার জন্য সুপারিশ করেছি। কিন্তু কেন্দ্রীয় প্রশাসন আদর্শ কলেজেই কেন্দ্র দিয়েছে। এখানে আমাদের কোনো কিছু করার এখতিয়ার নেই। আর আদর্শ কলেজের শিক্ষকরা অশোভন আচরণ করে থাকলে বিষয়টি নিয়ে অধ্যক্ষের সাথে আলোচনা করা হবে বলে জানান তিনি।